136

দৈনিক ইনকিলাব

তারিখ 12 DEC 1997
পৃষ্ঠা ৩ কলাম ৫

# কালো চুক্তির প্রতিবাদে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সর্বাত্মক ধর্মঘট পালিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদলের আহবানে গতকাল দেশের বিভিন্ন স্থানে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। পার্বত্য চট্টগ্রামের কালো চুক্তি স্বাক্ষরের প্রতিবাদ ও অবিলম্বে চুক্তি বাতিলের দাবী এবং শিক্ষাঙ্গনে সরকারী ছাত্র সংগঠনের সন্ত্রাস ও দেশব্যাপী ব্যাপক সন্ত্রাসের প্রতিবাদে ছাত্রদল এই ধর্মঘট আহবান করে। ধর্মঘট চলাকালে রাজধানীতে ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি, প্রশাসনিক কার্যক্রম চলেনি। ক্যাম্পাস ছিল ছা-ছাত্রী শূন্য। ধর্মঘট চলাকালে ছাত্রদল কর্মীরা শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মিছিল সমাবেশ করে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল শেষে অপরাজেয় বাংলা চত্বরে অনুষ্ঠিত

৩-এর পাতায় দেখুন

# শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

সমাবেশে ছাত্রদল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেন, দেশ বিক্রির কালো চুক্তি প্রতিহত করতে ছাত্রদল প্রস্তুত রয়েছে। গ্রেফতার-নির্যাতন করে পার্বত্য চট্টগ্রাম রক্ষার আন্দোলনকে স্তব্ধ করা যাবে না। তিনি বলেন, পার্বত্য চট্টগ্রাম শেখ হাসিনার বাপের সম্পতি নয় যে, তিনি তা সন্তু লারমার কাছে লীজ দেবেন। ছাত্র-জনতা রক্ত ও জীবন দিয়ে দেশের প্রতিইঞ্চি ভূখন্ড রক্ষা করবে। তিনি বলেন, দেশব্যাপী সকল ছাত্র ধর্মঘট পালনের মাধ্যমে ছাত্র সমাজ, খুনী শান্তিবাহিনীর সাথে খুনী সরকারের কালো চুক্তির বিরুদ্ধে রায় দিয়েছে। এই চুক্তি অবিলম্বে বাতিল করতে হবে। অন্যথায় ছাত্র সমাজ আন্দোলনের মাধ্যমে এ চুক্তি বাতিলে সরকারকে বাধ্য করবে। সমাবেশে ছাত্রদল-সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল বলেন, চট্টগ্রাম অচল করে শেখ হাসিনা ক্ষমতায় গিয়ে এখন স্বাধীন পার্বত্য চট্টগ্রামকে বিসর্জন দিয়ে ক্ষমতা রক্ষা করতে চান। কিন্তু সেই স্বপ্ন পূরণ হবে না। সমাবেশে বক্তব্য রাখেন আবদুল খালেক, এবিএম মোশাররফ হোসেন, মনোয়ার হোসেন রানা, সাহাবুদ্দীন লাল্টু, মনির হোসেন, রেহানা আক্তার রানু, নাসিরুদ্দীন অসীম, আবদুল আউয়াল খান ও সেলিমুজ্জামান সেলিম।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে সমাবেশে কেন্দ্রীয় সহ-সভাপতি মঞ্জুর এলাহী, মোজাফফর হোসেন জাকির, নূরুজ্জামান, আনসার আলী জয়, রফিক শিকদার, মোজাম্মেল হক, হাসানুজ্জামান মিঠুল, হাসিব সাঈদ প্রমুখ বক্তব্য রাখেন। ঢাকা মহানগরী ছাত্রদলের সভাপতি ও কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি নাসিরুদ্দীন পিন্টু ধর্মঘট চলাকালে ঢাকা কলেজ, বদরুন্নেছা কলেজ, সোহরাওয়ার্দী কলেজ, নজরুল কলেজ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে যান এবং মিছিল সমাবেশে নেতৃত্ব দেন ও বক্তব্য রাখেন।